গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পটিয়া, চট্টগ্রাম।
www.patiya.chittagong.gov.bd

নং-০৫.৪২.১৫৬১.০০১.০০.০০২.২০- ৪৭৪

০৩ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
তারিখ:...................................
১৮ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ

## পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর মূল শুমারির গণনা কার্যক্রমে 'গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র চট্টগ্রাম জেলাধীন পটিয়া উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম | প্রাপ্য ভাতাদি (টাকা) | প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১) | সুপারভাইজার | প্রকল্পের সংস্থান অনুসারে | ১) ন্যূনতম এইচএসসি/ সমমান পাস হতে হবে। তবে, স্নাতক ডিগ্রীধারীদের অগ্রাধিকার প্রদান করা হবে।<br>২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের অ্যান্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। স্মার্টফোনের ডিসপ্লে ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৪) ১৮/০৮/২০২১ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে।<br>৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।<br>৬) পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০২) | গণনাকারী | প্রকল্পের সংস্থান অনুসারে | ১) ন্যূনতম এইচএসসি/সমমানের পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের অ্যান্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। স্মার্টফোনের ডিসপ্লে ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৪) ১৮/০৮/২০২১ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে।<br>৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।<br>৬) পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। |

**শর্তাবলী:**

১) মূল শুমারিতে (২৫-৩১ অক্টোবর-২০২১) প্রতি গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১২০ (কম/বেশি) খানার তথ্য সংগ্রহ করতে হবে। এর পূর্বে ০২ দিন লিস্টিং কার্যক্রম সম্পন্ন করতে হবে। লিস্টিং ও মূল শুমারি কার্যক্রমের পূর্বে সেপ্টেম্বর মাসে ০১ দিনের ই- ট্রেনিং ও অক্টোবর মাসে ০৪ দিনের ট্রেনিং কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। ই-ট্রেনিং শেষে গৃহীত মূল্যায়ন পরীক্ষায় উত্তীর্ণ হলে চূড়ান্ত নিয়োগ প্রদান করা হবে।

২) মূল শুমারি ও লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক CAPI(Computer Aided Personal Interview) পদ্ধতিতে তথ্য সংগ্রহ করতে হবে।

৩) অন্য কোন পেশায় (যেমন: কিন্ডার গার্টেনের শিক্ষক/ ইউনিয়ন বা ওয়ার্ড সচিব) নিয়োজিত কেউ আবেদন করতে পারবেন না। পরবর্তীতে এরকম প্রমাণ পাওয়া গেলে তৎক্ষণাৎ নিয়োগ কমিটি তাদেরকে বাদ দেয়ার ক্ষমতা রাখেন।

৪) প্রয়োজনে নিজের মৌজা/ওয়ার্ড ব্যতিরেকে অন্য ওয়ার্ড/মৌজায় কাজ করার মানসিকতা থাকতে হবে। নিজের মৌজা/ ওয়ার্ডে অগ্রাধিকার প্রদান করা হবে।

৫) সকল পদের আবেদন ফরম আগামী ২৪/০৮/২০২১ তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়, পটিয়া, চট্টগ্রাম-এ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। উক্ত সময়ের মধ্যে কোন প্রার্থী আবেদন জমা দিতে ব্যর্থ হলে কোন আবেদন গ্রহণ করা হবেনা।

৬) যে সকল প্রার্থী জানুয়ারি-২০২০ খ্রি. মাসে আবেদন করে নিয়োগপ্রাপ্ত হয়েছিলেন, তাদের নিয়োগ বহাল থাকবে।

৭) প্রার্থীদের নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবেনা।

৮) শূন্য পদের চেয়ে আবেদন বেশি হলে প্রযোজ্যক্ষেত্রে প্রয়োজনবোধে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। এ সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

৯) কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ প্রক্রিয়া স্থগিত, বাতিল, সংযোজন, বিয়োজনের ক্ষমতা সংরক্ষণ করেন।

১০) একজন প্রার্থী শুধু একটি পদের জন্য আবেদন করতে পারবেন। নারী প্রার্থীগণকে অন্যান্য যোগ্যতা পূরণ সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে।

১১) ভুল ও অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

**অন্যান্য তথ্যাবলী:**

১) আবেদন ফরম উপজেলা পরিসংখ্যান কার্যালয়, পটিয়া, চট্টগ্রাম হতে সংগ্রহ করা যাবে।

২) মূল শুমারি কার্যক্রমের জন্য চূড়ান্ত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ড ও উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (bbs.patiya.chittagong.gov.bd) -এ প্রকাশ করা হবে।

৩) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষনিকভাবে বাতিল বলে গণ্য হবে।

৪) নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৫) আবেদন ফরমের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি, প্রার্থীর এনআইডি কার্ডের ফটোকপি (প্রার্থীর নিজের না থাকলে পিতা/ মাতার) অবশ্যই জমা প্রদান করতে হবে এবং মোবাইল নম্বরে বিকাশ একাউন্ট করা থাকতে হবে।

১৮.০৮.২১

ফয়সাল আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
গণনাকারী ও সুপারভাইজার যাচাই বাছাই কমিটি
পটিয়া, চট্টগ্রাম।

# আবেদন ফরম

ফরম নং-______________

**পদের নাম: সুপারভাইজার/তথ্য সংগ্রহকারী।** (অফিস কর্তৃক পূরণীয়)

**(শুধুমাত্র A4 সাইজ কাগজে প্রিন্ট করে প্রার্থী স্বহস্তে পূরণ করুন)**

1. প্রার্থীর নাম : ইংরেজি বড় অক্ষরে :
2. পিতার নাম : ইংরেজি বড় অক্ষরে :
3. মাতার নাম : ইংরেজি বড় অক্ষরে :
4. বর্তমান ঠিকানা (ইংরেজি বড় অক্ষরে)
   - C/O :
   - HOLDING NO :
   - VILL/MAHALLA :
   - PO :
   - UPAZILA/THANA :
5. জাতীয় পরিচয় পত্রের নম্বর (ইংরেজিতে) :
6. জন্ম নিবন্ধন নম্বর (NID না থাকলে) ইংরেজিতে
7. জন্ম তারিখ (ইংরেজিতে) :
8. যে মহল্লা/গ্রামে কাজ করতে আগ্রহী :
9. শুমারি/জরিপ কাজে পূর্ব অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) :
10. মোবাইল নম্বর (ইংরেজিতে) :
11. নিজস্ব স্মার্ট ফোন আছে কিনা? (বাম পার্শ্বে টিক চিহ্ন দিন) হ্যাঁ না
    উত্তর হ্যাঁ হলে
    আপনার ফোনের Android Verson:……..,
    আপনার ফোনের স্ক্রীন সাইজ…………ইঞ্চি
12. শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | বিভাগ/বিষয় | প্রাপ্ত জিপিএ/শ্রেণি | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব। আমি আরও অঙ্গীকার করছি যে, আবেদনকৃত পদে নির্বাচিত হলে আমার উপর অর্পিত দায়িত্ব নির্দেশনা মোতাবেক নিষ্ঠা ও সততার সাথে পালন করব।

তারিখঃ | | | 0 | 8 | 2 | 0 | 2 | 1 |

প্রার্থীর স্বাক্ষর ও তারিখ

সংযুক্তিসমূহঃ

ক) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি।

খ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।

গ) সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজ (সত্যায়িত) ও ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের ছবি।

ঘ) অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত কপি।